# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৯৭) কাফিরদের কাছে যে সমস্ত প্রযুক্তি রয়েছে, অবৈধতায় পতিত না হয়ে তা দ্বারা কীভাবে আমরা উপকৃত হব?

উত্তর: আল্লাহর শত্রু কাফিররা যে সমস্ত কাজ-কর্ম করে, তা তিন প্রকরঃ-

১. ইবাদাত ২. অভ্যাস এবং ৩. কারিগরি ও শিল্পকলা। ইবাদাতের ক্ষেত্রে কোনো ক্রমেই কাফিরদের অনুসরণ করা বৈধ নয়। যে ব্যক্তি ইবাদাতের ক্ষেত্রে তাদের অনুসরণ করবে, তার জন্য বিরাট ভয়ের কারণ রয়েছে। ইহা তাকে ইসলাম থেকে বেরও করে দিতে পারে। লেবাস-পোষাক, চাল-চলন ও রীতিনীতি ইত্যাদির কোনো ক্ষেত্রেই কাফিরদের অনুসরণ করা বৈধ নয়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«مَنْ تَشَبَّهَ بِقَوْمٍ فَهُوَ مِنْهُمْ»

“যে ব্যক্তি কোনো জাতির অনুসরণ করবে, সে উক্ত জাতির অন্তর্ভুক্ত হবে।”[1] তবে যাতে জনগণের উপকার রয়েছে, তা কাফিরদের কাছ থেকে শিক্ষা করাতে কোনো দোষ নেই। কারণ, তা দীনের অন্তর্ভুক্ত নয়। তাছাড়া ইবাদাতের ক্ষেত্রে মূলনীতি হলো, তাতে দলীল থাকতে হবে। আর অভ্যাস বা পার্থিব বিষয়ের ব্যাপারে মূলনীতি হলো তা সবই হালাল। একমাত্র শরী‘আত সুনির্দিষ্টভাবে কিছু হারাম করলে সেটা ভিন্ন কথা।

>

## ফুটনোট

[1] আবু দাউদ, অধ্যায়: কিতাবুল লিবাস।

Source — https://www.hadithbd.com/books/link/?id=629

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন